

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিআর-৩ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১০২.১৮.০০২.২৩-২১

তারিখঃ

২৩ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ

০৬ ফেব্রুয়ারি, ২০২৪

খ্রিষ্টাব্দ

বিষয়: গোপনীয় অনুবেদন যথাযথভাবে সংরক্ষণ ও ব্যবস্থাপনা।


সূত্র : ১। ০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬(অংশ-১)-০৬ তারিখ: ০৭.০১.২০২১ খ্রি:

২। ০৫.০০.০০০০.১০২.৪৫.০০৬.২৩-৬৫ তারিখ: ২২.১১.২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারকে ৯ম গ্রেড ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের জন্য 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এবং ২ নং স্মারকে ১০ম-২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩' জারি করা হয়। উক্ত অনুশাসনমালাসমূহ অনুসরণপূর্বক গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর এবং সংরক্ষণ ব্যবস্থাপনা করা সংশ্লিষ্ট সকলের জন্য আবশ্যিক। সংশ্লিষ্ট অনুশাসনমালা অনুযায়ী যথাসময়ে, যথানিয়মে ও যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরিত হয়ে সংরক্ষণ ও ব্যবস্থাপনাকারীর দপ্তরে পৌঁছানোর পর অনুশাসনমালাসমূহের ৩.৪ নং অনুচ্ছেদ অনুযায়ী ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষ কর্তৃক পূর্ণনীয় অংশ পূরণ এবং সকল ধরনের ত্রুটি-বিচ্যুতি ও বিরূপ মন্তব্য যথাযথভাবে নিষ্পত্তি করতে হবে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে, বিভিন্ন ডিপিসি সভায় এবং উপসচিব পদে পদোন্নতির লক্ষ্যে গোপনীয় অনুবেদন যাচাই-বাছাই সংক্রান্ত সভায় উপস্থাপিত গোপনীয় অনুবেদনসমূহের ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষ কর্তৃক পূর্ণনীয় অংশ পূরণসহ বিদ্যমান ত্রুটি-বিচ্যুতি ও বিরূপ মন্তব্য নিষ্পত্তিকরণের ক্ষেত্রে অনুশাসনমালা যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না। এতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। ফলে ন্যায় বিচার নিশ্চিত করা যাচ্ছে না, যা খুবই অনাকাঙ্ক্ষিত।

এমতাবস্থায়, "গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০" ও 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩' অনুযায়ী দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের বিষয় যাচাইপূর্বক ফর্মের ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষ কর্তৃক পূর্ণনীয় অংশ পূরণসহ যাবতীয় ত্রুটি বিচ্যুতি ও বিরূপ মন্তব্য উক্ত অনুশাসনমালাসমূহের ৩.৪ নং অনুচ্ছেদ অনুযায়ী নিষ্পত্তি করে গোপনীয় অনুবেদন সংরক্ষণ ও ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

  
(মোঃ মেহেদী-উল-সহিদ)  
যুগ্মসচিব (সিআর)  
ফোন-৫৫১০০৭৪৬।  
[crbr@mopa.gov.bd](mailto:crbr@mopa.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(সদয় অবগতি, প্রয়োজনীয় কার্যক্রম ও অধীনস্থ/সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার বিনীত অনুরোধসহ)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/ সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেজিস্ট্রার, বিপিএটিসি, সাভার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার (সকল).....।
৫. মহাপরিচালক (সকল).....।
৬. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৭. জেলা প্রশাসক (সকল).....।
৮. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৯. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....।
১২. অফিস কপি।